

**রাষ্ট্রবিজ্ঞান বিভাগে 'কারিকুলাম ডেভেলপমেন্ট' শীর্ষক সেমিনার  
অনুষ্ঠান**



২৮ নভেম্বর, ২০১৮-বুধবার সকাল ১১ ঘটিকায় রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর উদ্যোগে 'কারিকুলাম ডেভেলপমেন্ট' শীর্ষক সেমিনার বিভাগীয় সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

সেমিনারে রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান এবং বিভাগীয় SA কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. অরুন কুমার গোস্বামী এর সভাপতিত্বে মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন আই ই আর, জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর পরিচালক অধ্যাপক ড. মনিরা জাহান। এসময় সেমিনারে বিভিন্ন অনুষদের ডিনবন্দ, বিভাগীয় অধ্যাপক ড. আনোয়ারা বেগম, IQAC জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. আইন-উল হুদা, ড. রাজিনা সুলতানা এবং রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান সহ বিভাগীয় শিক্ষক-শিক্ষিকাবৃন্দ উপস্থিত ছিলেন।